

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৬৮৮

পর্ব-১৮: প্রশাসন ও বিচারকার্য (১ হাট্রা)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْ عَائِذِ بْنِ عَمْرٌو قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «إِنَّ شرَّ الرعاءِ الحُطَمَة» . رَوَاهُ مُسلم

বাংলা

৩৬৮৮-[২৮] 'আয়িয ইবনু 'আমর হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ শাসকদের মধ্যে সর্বনিকৃষ্ট শাসক সে, যে অত্যাচারী ও নিপীড়নকারী। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ১৮৩০, আহমাদ ২০৬৩৭, সহীহাহ্ ২৮৮৫, সহীহ আল জামি' ২০৯৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উল্লেখিত হাদীসে الْحُطَمَةُ শব্দের দ্বারা উদ্দেশ্য ঐ ব্যক্তি, যে প্রজাদের প্রতি জুলুম নির্যাতন করে কিন্তু তাদের প্রতি নরম আচরণ করে না।

ফায়িক গ্রন্থে এসেছে, الْحُطَمَةُ। বলা হয় ঐ ব্যক্তিকে, যে কষ্টকর মারধর করে বাজারে উটকে আনে, সে যেমন অন্যায়ভাবে উটের প্রতি জুলুম করেছে তেমনি দৃষ্টান্ত হলো খারাপ শাসকের সে প্রজাদের প্রতি অন্যায়ভাবে জুলুম নির্যাতন করে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন